

স্মারক নং-৩৩.০১.০০০০.৭০৫.০১.১০.১৮-১৪৭৮

তারিখঃ ১২/১২/২০১৮ খ্রি:

### নিয়োগ বিজ্ঞপ্তি

মতস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), প্রাণিসম্পদ অধিদপ্তর অংশের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য “জাতীয় বেতন স্কেল-২০১৫” অনুযায়ী “সাকুল্য বেতনে” সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন গ্রেড	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫	৬
০১।	প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা	গ্রেড-৯	২২,০০০-৫৩,০৬০/- (সাকুল্য বেতন)	২৫	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)/ বিএসসি ইন এনিম্যাল হাজবেঞ্জী প্রাণিসম্পদ অধিদপ্তরের এ জাতীয় সমাপ্ত প্রকল্পে চাকুরির বাস্তব অভিজ্ঞতা ও প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং এরূপ অগ্রহী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।

- ক. আবেদনকারীকে সরকার নির্ধারিত সরকারি দপ্তরে শূন্যপদে নিয়োগের জন্য “চাকুরির আবেদনের মডেল ফরম” অনুযায়ী ১ (এক) পাতায় (৫ x ৫) সে. মি. সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা <http://www.forms.gov.bd> ওয়েবসাইটে এবং ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২): প্রাণিসম্পদ অংগের ওয়েবসাইটে [www.natpdl.gov.bd](http://www.natpdl.gov.bd) এ পাওয়া যাবে। খামের উপরে পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।
- খ. প্রার্থীর বয়স ০৩/০১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- গ. সকল সার্টিফিকেটের মূল কপি ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্বের সনদপত্র এবং সকল সনদপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ঘ. সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরির প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- ঙ. মোট সাকুল্য বেতন সরকারের এ সংক্রান্ত সরকারি বিধি অনুযায়ী নির্ধারিত হবে।
- চ. নিয়োগকৃত কোনো কর্মকর্তা তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালনে বা যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে অথবা অসদাচরণের কারণে তাঁকে এক মাসের নোটিশ দিয়ে চাকুরিচ্যুত করা যাবে।
- ছ. প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে চাকুরির মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে শেষ হবে বলে গণ্য হবে। এ জন্য আলাদাভাবে কোন পত্র জারী করা হবে না।
- জ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হইতে পারে।
- ঞ. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ট. আবেদনপত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ঠ. অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ড. আবেদনকারীকে সচিব, মতস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২): প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তর -এর ভবন-২, ৬ষ্ঠ তলা কক্ষ নং-৬০১, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা -১২১৫ ঠিকানায় আগামী ০৩/০১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা  
পরিচালক

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট  
(এনএটিপি-২): প্রাণিসম্পদ অংগ  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
টেলিফোন-০২-৮১৪৩১২৮